

শিক্ষা

হরগংগা কলেজে অনার্স কোর্স

প্রাচীন বাংলার রাজধানী বিক্রমপুর তথা মুন্সীগঞ্জ জেলা। এটি ঢাকা শহর থেকে ১২/১৩ মাইল দক্ষিণে অবস্থিত— যার সাথে ঢাকা শহরের সড়ক ও নদীপথে যোগাযোগ রয়েছে। বিক্রমপুর বাংলার ইতিহাসে এক অবিস্মরণীয় নাম। এখানে রয়েছে অনেক প্রাচীন কীর্তি। যেমন— বল্লাল

সেনের দীঘি, হরিচান রাজার দীঘি, বৌদ্ধ ধর্মাবলীর অন্যতম প্রচারক অতীশ দীপঙ্করের কীর্তি ইত্যাদি। এসকল কীর্তি স্বচক্ষে দেখার জন্য দেশের বিভিন্ন অঞ্চল থেকে এমন কি দেশের বাইরে থেকেও অনেকে আসেন। এই বিক্রমপুরের গৌরব অসংখ্য বুদ্ধিজীবী, ডাক্তার ও ইঞ্জিনিয়ার জন্ম দেয়। বিক্রমপুরে ৭টি কলেজ রয়েছে। এর মধ্যে সবচেয়ে প্রাচীন ও

সর্ববৃহৎ কলেজ হচ্ছে হরগংগা সরকারী কলেজ। এই কলেজটি ১৯৩৮ সালে প্রতিষ্ঠিত হয় এবং ১৯৮১ সালে এটিকে জাতীয়করণ করা হয়। ১৯৮৭ সাল পর্যন্তও এই কলেজে অনার্স কোর্স খোলা হয়নি। অথচ এ বিষয় নিয়ে বেশ কয়েকবার পত্র-পত্রিকায় লেখালেখি হয়েছে। কিন্তু কোন সুরাহা হয়নি। এই বিক্রমপুর একটি জেলা শহর এবং এর প্রাচীন ঐতিহ্য রয়েছে। অথচ

এখানকার একটি কলেজেও আজ পর্যন্ত অনার্স কোর্স খোলা হয়নি। এ অঞ্চলের অনেকেই আর্থিক, সামাজিক ও অন্যান্য সুযোগ-সুবিধার অভাবে দেশের বড় বড় বিশ্ববিদ্যালয়ে গিয়ে লেখাপড়া করতে পারে না। তাই তারা উচ্চশিক্ষা লাভ হতে বঞ্চিত হচ্ছে। এ ব্যাপারে কার্যকরী পদক্ষেপ নেয়ার জন্য এলাকাবাসীদের পক্ষ থেকে অনুরোধ জানানো হয়েছে।

—আলমগীর